একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত হবে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সংস্থাপন-১ শাখা
www.mole.gov.bd

নং-৪০.০০.০০০০.০২০.৪৭.০০১.২২-০৫

তারিখ: ২৭ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ / ১১ জানুয়ারি ২০২৪ খ্রিষ্টাব্দ

প্রাপক: চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়: **কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের আওতায় "জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট"-এর ১৩ (তের) টি পদ অস্থায়ী ভিত্তিতে রাজস্বখাতে সৃজনের সরকারি মঞ্জুরি আদেশ জ্ঞাপন।**

আদিষ্ট হয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৮-০৪-২০২৩ তারিখের ০৫.০০.০০০০.১৫৩.১৫.০১৯.২২-৬৫ নং স্মারক, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগ, ব্যয় ব্যবস্থাপনা শাখা-৭-এর ২৪-০৫-২০২৩ তারিখের ০৭.০০.০০০০.১৫৭.১৫.০২২.২৩-৮১ নং স্মারক, বাস্তবায়ন অনুবিভাগ, বাস্তবায়ন-১ অধিশাখা-এর ০৮-০৬-২০২৩ তারিখের ০৭.০০.০০০০.১৬১.৪০.০০২.১৩-১০৯ নং স্মারক এবং মন্ত্রিপরিষদ বিভাগের ২১-১২-২০২৩ তারিখের ০৪.০০.০০০০.৭১১.০৬.০২৫.২৩-৩০২ নং পত্রে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সুপারিশ/সম্মতির পরিপ্রেক্ষিতে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের আওতায় "জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট"-এর অস্থায়ীভাবে রাজস্বখাতে সৃজিত বিভিন্ন ক্যাটাগরির নিম্নবর্ণিত ১৩ (তের)টি পদ উল্লিখিত শর্তে সৃজনের সরকারি মঞ্জুরি আদেশ জ্ঞাপন করা হলো:

**পদের বিবরণ:**

| ক্র/নং | পদ নাম | পদ সংখ্যা (টি) | অর্থ বিভাগ কর্তৃক নির্ধারণকৃত বেতনস্কেল (জাঃবেঃস্কেল, ২০১৫) | * নিয়োগের সম্ভাব্য শর্তাবলী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | যুগ্ম-মহাপরিদর্শক | ০১ | টা: ৪৩০০০-৬৯৮৫০ (গ্রেড-৫) | পদোন্নতির মাধ্যমে:<br>(ক) উপমহাপরিদর্শক পদে নূনতম ০৫ (পাঁচ) বছরের চাকরিসহ ৯ম গ্রেড বা তদূর্ধ্ব গ্রেডের পদে ১২ (বার) বছরের চাকরির অভিজ্ঞতা থাকতে হবে; এবং<br>(খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হতে ন্যূনতম স্নাতক বা সমমানে ডিগ্রি |
| ২ | উপমহাপরিদর্শক | ০৪ | টা: ৩৫৫০০-৬৭০১০ (গ্রেড-৬) | পদোন্নতির মাধ্যমে:<br>সহকারী মহাপরিদর্শক (সাধারণ), সহকারী মহাপরিদর্শক (সেইফটি), সহকারী মহাপরিদর্শক (স্বাস্থ্য), পরিসংখ্যান ও গবেষণা কর্মকর্তা, তথ্য ও গণসংযোগ কর্মকর্তা, আইন কর্মকর্তা বা লাইব্রেরিয়ান পদে ন্যূনতম ০৭ (সাত) বৎসরের চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৩ | সহকারী মহাপরিদর্শক (সাধারণ) | ০১ | টা: ২২০০০-৫৩০৬০ (গ্রেড-৯) | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হতে প্রথম শ্রেণির বা সমমানের Cumulative Grading Point Average (সিজিপিএ)-এ স্নাতকোত্তর ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণির বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) সহ দ্বিতীয় শ্রেণির বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা ০৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণির বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি।<br>**পদোন্নতির ক্ষেত্রে:**<br>প্রশাসনিক কর্মকর্তা বা শ্রম পরিদর্শক (সাধারণ) পদের ন্যূনতম ০৭ (সাত) বৎসরের চাকুরির অভিজ্ঞতাসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম স্নাতক বা সমমানের ডিগ্রি; অথবা<br>(খ) প্রশাসনিক কর্মকর্তা বা শ্রম পরিদর্শক (সাধারণ) পদের ন্যূনতম ১২ (বার) বৎসরের চাকুরির অভিজ্ঞতাসহ কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪ | সহকারী মহাপরিদর্শক (সেইফটি) | ০২ | টা: ২২০০০-৫৩০৬০ (গ্রেড-৯) | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হতে সিভিল |

| ক্র/নং | পদ নাম | পদ সংখ্যা (টি) | অর্থ বিভাগ কর্তৃক নির্ধারণকৃত বেতনস্কেল (জাঃবেঃস্কেল, ২০১৫) | * নিয়োগের সম্ভাব্য শর্তাবলী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | | | ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, কেমিকেল ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতক ডিগ্রি।<br>**পদোন্নতির ক্ষেত্রে:**<br>শ্রম পরিদর্শক (সেইফটি) পদে ন্যূনতম ০৭ (সাত) বৎসরের চাকুরি। |
| ৫ | সহকারী মহাপরিদর্শক (স্বাস্থ্য) | ০১ | টা: ২২০০০-৫৩০৬০ (গ্রেড-৯) | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হতে এম.বি.বি.এস ডিগ্রি/সমমানের ডিগ্রি (যা, বিডিএমসি কর্তৃক রেজিস্ট্রেশনপ্রাপ্ত)<br>**পদোন্নতির ক্ষেত্রে:**<br>শ্রম পরিদর্শক (স্বাস্থ্য) পদে ন্যূনতম ০৭ (সাত) বৎসরের চাকুরি। |
| ৬ | শ্রম পরিদর্শক (সাধারণ) | ০১ | টা: ১৬০০০-৩৮৬৪০ (গ্রেড-১০) | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হতে দ্বিতীয় শ্রেণির বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি। অথবা দ্বিতীয় শ্রেণি/সমতুল্য সিজিপিএসহ ০৪ (চার) বছর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রিসহ কম্পিউটার পরিচালনায় প্রশিক্ষণপ্রাপ্ত ও দক্ষ হতে হবে।<br>**পদোন্নতির ক্ষেত্রে:**<br>প্রধান সহকারী, সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর, কম্পিউটার অপারেটর, হিসাব রক্ষক বা পরিসংখ্যান সহকারী, উচ্চমান সহকারী বা সাঁটমুদ্রাক্ষরিক- কাম-কম্পিউটার অপারেটর পদের ন্যূনতম ০৮ (আট) বছরের চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৭ | শ্রম পরিদর্শক (সেফটি) | ০২ | টা: ১৬০০০-৩৮৬৪০ (গ্রেড-১০) | **সরাসরি নিয়োগের মাধ্যমে:**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হতে সিভিল ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, কেমিকেল ইঞ্জিনিয়ারিং বা কনস্ট্রাকশন ইঞ্জিনিয়ারিং বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদী ডিপ্লোমা। |
| ৮ | শ্রম পরিদর্শক (স্বাস্থ্য) | ০১ | টা: ১৬০০০-৩৮৬৪০ (গ্রেড-১০) | **সরাসরি নিয়োগের মাধ্যমে:**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হতে প্রাণিবিদ্যা, রসায়ন, প্রাণরসায়ন, ফার্মাসী, মাইক্রোবায়োলজি বা উদ্ভিদবিদ্যা বিষয়ে দ্বিতীয় শ্রেণির সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি বা সংশ্লিষ্ট বিষয়ে দ্বিতীয় শ্রেণি/সমতুল্য সিজিপিএসহ ০৪ (চার) বছর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রি। |
| | মোট= | ১৩ | | |

**শর্তাবলি:**

(ক) উল্লিখিত পদের ব্যয়ভার কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের আওতায় “জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট” সংশ্লিষ্ট খাত হতে বহন করা হবে। এ পদ সৃজনে প্রচলিত যাবতীয় আনুষ্ঠানিকতা প্রতিপালন করা হয়েছে।

(খ) উপরের ছকের ৪নং কলামে নির্ধারণকৃত বেতনগ্রেড; ৫নং কলামে প্রদর্শিত নিয়োগ যোগ্যতা ও অভিজ্ঞতা অনুযায়ী কার্যকর হবে;

(গ) পদ সংরক্ষণ ও পদ স্থায়ীকরণ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ০৩-০৫-২০০৩ তারিখের মপবি/কঃবিঃশাঃ/কপগ-১১/২০০১-১১১ সংখ্যক সরকারি আদেশ অনুসরণ করতে হবে।

(ঙ) মন্ত্রণালয়/বিভাগ/অফিসের বিদ্যমান টিওএন্ডই-তে নতুন সৃজিত পদ স্থায়ী/অস্থায়ী হিসাবে চিহ্নিতপূর্বক অন্তর্ভুক্ত করে টিওএন্ডই হালনাগাদ করতে হবে এবং হালনাগাদকৃত টিওএন্ডই-এর এক কপি অর্থ বিভাগে প্রেরণ করতে হবে;

(চ) স্থায়ী/অস্থায়ী পদসৃজনের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওএন্ডএম ম্যানুয়েলের অন্যান্য বিধি-বিধান অনুসরণ করতে হবে;

(ছ) যে সকল পদ নিয়োগ বিধিতে অন্তর্ভুক্ত নেই সে সকল পদ নিয়োগবিধিতে অন্তর্ভুক্ত করতে হবে;

(জ) নিয়োগের সম্ভাব্য শর্তাবলি নিয়োগ বিধিমালার মাধ্যমে যথাশীঘ্র চূড়ান্ত করতে হবে;

(ঝ) সচিব স্বাক্ষরিত খসড়া নিয়োগ বিধিমালা শীঘ্রই চূড়ান্ত করতে হবে;

(ঞ) এ বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগ কর্তৃক আরোপিত শর্তাদি (প্রযোজ্য ক্ষেত্রে) এবং বিদ্যমান নিয়ম-কানুন ও অন্যান্য আনুষ্ঠানিকতা প্রতিপালন করতে হবে;

(ট) এ বিষয়ে বিদ্যমান সকল বিধি-বিধান ও আনুষ্ঠানিকতা যথাযথভাবে অনুসরণ করতে হবে।

স্বাঃ

(মুহাম্মদ আশরাফ হোসেন)
উপসচিব
ফোনঃ ৮৮০২২২৩৩৫৭১৪০
section10@mole.gov.bd

নং-৪০.০০.০০০০.০২০.৪৭.০০১.২২-০৫

তারিখ: ২৭ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
১১ জানুয়ারি ২০২৪ খ্রিষ্টাব্দ

অনুলিপি:

০৩ কপি পৃষ্ঠাংকনপূর্বক চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা-এর নিকট কপি প্রেরণ করার জন্য অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগ-কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মুহাম্মদ আশরাফ হোসেন)
উপসচিব
ফোনঃ ৮৮০২২২৩৩৫৭১৪০
section10@mole.gov.bd

নং-

তারিখ:

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা-তে প্রেরণ করা হলো। এতে ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগ, অর্থ বিভাগের সম্মতি রয়েছে।

(মোঃ আব্দুল গফুর)
সিনিয়র সহকারী সচিব
ব্যয় ব্যবস্থাপনা শাখা-৭
ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগ
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

নং-৪০.০০.০০০০.০২০.৪৭.০০১.২২-০৫/১(১৬)

তারিখ: ২৭ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
১১ জানুয়ারি ২০২৪ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, বিজয়নগর, ঢাকা।
৫। অতিরিক্ত সচিব, ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগ, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। জেলা প্রশাসক, রাজশাহী।
৭। উসচিব (বাজেট), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশ এবং গেজেটের কপি প্রেরণের অনুরোধসহ)।
১০। সচিব মহোদয়ের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (ওয়াব সাইটে প্রকাশের জন্য অনুরোধ)।
১২। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, রাজশাহী।
১৩। হিসাবরক্ষণ কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫। যুগ্মসচিব (সংস্থাপন) এর ব্যক্তিগত কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬। অফিস কপি/গার্ড ফাইল।

১১/০১/২০২৪

(মুহাম্মদ আশরাফ হোসেন)
উপসচিব